# 1199 - শরীরে উল্কি আঁকা কি হজ্জ আদায়ের ক্ষেত্রে প্রতিবন্ধক?

প্রশ্ন

শরীরে উল্কি আঁকার হুকুম কী? যার শরীরে উল্কি আঁকা হয়েছে সে তার ফরয হজ্জ আদায় করতে চাইলে এটা কি প্রতিবন্ধক হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

শরীরে উল্কি আঁকা হারাম। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত হয়েছে যে, তিনি ঐ নারীদের প্রতি লানত করেছেন যারা নিজে পরচুলা লাগায় ও অন্যকে দিয়ে পরচুলা লাগিয়ে নেয়। যারা উল্কি অঙ্কন করে ও অন্যকে দিয়ে উল্কি অঙ্কন করিয়ে নেয়। উল্কি হচ্ছে— গালে, ঠোঁটে ও শরীরের অন্যান্য স্থানের রঙ নীল রঙ, সবুজ রঙ কিংবা কালো রঙে পরিবর্তন করা।

উল্কি হজ্জ আদায়ের ক্ষেত্রে প্রতিবন্ধক হবে না।